গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, কুমিল্লা
doict.comilla.gov.bd

ডিসেম্বর/২০২০ মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আবুল ফজল মীর
জেলা প্রশাসক
সভার তারিখ: ২২/১২/২০২০খ্রিঃ
সভার সময় : ১২.৩০ ঘটিকা
স্থান : Zoom Cloud Meetings অ্যাপ
উপস্থিতি :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অধিকতর ব্যবহার ও তথ্যপ্রযুক্তির উন্নয়ন নিশ্চিত করা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কিত গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে জেলা আইসিটি কমিটি গঠন করা হয়েছে। এক্ষেত্রে জেলা ও উপজেলা আইসিটি বিষয়ক কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সভায় নিম্নবর্ণিত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য আপলোডঃ<br>ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিশ্বের বৃহত্তম সরকারি ওয়েবপোর্টাল জাতীয় তথ্য বাতায়ন একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এই পোর্টালের মাধ্যমে সরকারের যেকোন কর্মকান্ড, অগ্রগতি ও উন্নতিসহ পরিবর্তনের সকল তথ্য জানা জানা যায়। জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালে ঢুকে দেখা যায় বিভিন্ন প্রতিষ্ঠান তাদের তাদের তথ্য সময়মত হালনাগাদ করে না। প্রত্যেকটি প্রতিষ্ঠান তাদের প্রয়োজনীয় সকল তথ্য ওয়েবপোর্টালে সময়মত আপলোড ও হালনাগাদের জন্য আলোচনা করা হয়। | জেলা, উপজেলা ও ইউনিয়ন পোর্টালে সংযোজিত দপ্তরসমূহের সকল অসম্পুর্ণ তথ্য আপলোড করাসহ নিয়মিত হালনাগাদ করতে হবে। | সকল দপ্তর প্রধানগণ<br><br>কারিগরি সহায়তায় প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল), কুমিল্লা। |
| ০২. | ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ<br>একটি আধুনিক, দক্ষ এবং জনসেবামুলক জনপ্রশাসন গড়ে তুলতে সরকারি কাজে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে সহজে ও স্বল্প সময়ে সিদ্ধান্ত গ্রহণ এবং কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সকল দপ্তরের নথি ই-ফাইলের মাধ্যমে নিস্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। | সকল সরকারি প্রতিষ্ঠান দাপ্তরিক চিঠিপত্র ই-ফাইলিং সিস্টেমে নিস্পত্তি করতে হবে। উপজেলা আইসিটি কমিটির সভায় ই-নথি কার্যক্রমের উপর নিয়মিত পর্যালোচনা করতে হবে। যে সকল দপ্তরে ই-নথি সিস্টেম চালু আছে সেকল দপ্তরের পারফরমেন্স বৃদ্ধি করতে হবে। যেসকল প্রতিষ্ঠান এখনও ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম নিস্পত্তি করছে না তাদেরকে লাইভে আনার ব্যবস্থা করতে হবে। | সকল দপ্তর প্রধান<br><br>কারিগরি সহায়তায় প্রোগ্রামার (জেলা পর্যায়) সহকারী প্রোগ্রামার (উপজেলা পর্যায়)। |
| ০৩. | সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ<br>সরকারি প্রতিষ্ঠানে প্রাতিষ্ঠানিক ই-মেইল ব্যবহারের নির্দেশনা থাকলেও অনেক ক্ষেত্রে দেখা যায় যে, কর্মকর্তাগণ চিঠিপত্র আদান প্রদানের ক্ষেত্রে ব্যক্তিগত ই-মেইল ব্যবহার করে থাকেন। যেহেতু সরকারি কর্মকর্তাগণের বদলী হতে হয় সেহেতু দাপ্তরিক ই-মেইল ব্যবহার করা উচিত। | দাপ্তরিক কাজে ব্যক্তিগত ই-মেইল ব্যবহার না করে প্রাতিষ্ঠানিক/ সরকারি ই-মেইল ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর প্রধান<br><br>কারিগরি সহায়তায় প্রোগ্রামার (জেলা পর্যায়) সহকারী প্রোগ্রামার (উপজেলা পর্যায়) |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্যঃ<br>শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো কিছু কিছু ক্ষেত্রে যথাযথ ব্যবহার অথবা সর্বোত্তম ব্যবহার করা হচ্ছে না মর্মে জানা গিয়েছে। প্রয়োজনীয় ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্রধান অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে আলোচনার প্রেক্ষিতে শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলোর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য আলোচনা করা হয়। | জেলাপ্রশাসক মহোদয়ের নির্দেশনা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো যথাযথভাবে পরিদর্শন করে অথবা কারিগরি জ্ঞান হস্তান্তরের মাধ্যমে ল্যাবগুলোর সর্বোত্তম ব্যবহার নিশ্চতকল্পে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>জেলা শিক্ষা অফিসার<br>প্রোগ্রামার<br>এবং<br>সহকারী প্রোগ্রামার সকল। |
| ০৫. | জেলা পর্যায়ে আইসিটি বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের তথ্যঃ<br>সরকারি কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী প্রতিটি দপ্তরে প্রশিক্ষণের মাধ্যমে আইসিটি দক্ষ জনবল গড়ে তুলার উপর আলোচনা করা হয়। | সরকারি দপ্তরসমূহে নিজ ব্যবস্থাপনায় কর্মকর্তা /কর্মচারীদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে দক্ষ করে গড়ে তোলার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ০৬. | জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্তঃ<br>বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান তাদের অফিসের নামে ফেইসবুক পেইজ খোলে তাদের বিভিন্ন সেবা সম্পর্কীয় ধারনা এবং বিভিন্ন সেবা খুব সহজে জনসাধারণকে যে দিতে পারে সেই বিষয়ে আলোচনা করা হয়। | সকল দপ্তর ফেসবুক পেজের মাধ্যমে তাদের বিভিন্ন রকম সেবা প্রচার করে যাতে হয়রানীমুক্ত সেবা মানুষকে দিতে পারে সে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব-স্ব দপ্তর প্রধান<br>প্রোগ্রামার<br>এবং সহকারী প্রোগ্রামারগণ |
| ০৭. | ন্যাশনাল নেটওয়ার্কের ব্যবহারঃ<br>উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ন্যাশনাল নেটওয়ার্কের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন প্রকল্পের কার্যক্রম। যেমন- ইনফো-সরকার ফেইজ-৩, নিয়মিতভাবে পর্যবেক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়। | নিয়মিতভাবে ইনফো সরকার ফেইজ-৩ অথবা সংশ্লিষ্ট অন্যান্য প্রকল্পের কার্যক্রম নিয়মিতভাবে পর্যবেক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার (সকল) |
| ০৮. | বিবিধঃ<br>জেলা ও উপজেলা পর্যায়ে আইসিটির সর্বোত্তম ব্যবহারের জন্য জনসচেতনতা বাড়ানোর প্রয়োজনীয়তার উপর আলোচনা করা হয়। | আইসিটির যথাযথ ব্যবহারের এবং অপরাধমূলক কার্যক্রম ব্যবহার রোধকল্পে জনসচেতনা বাড়ানোর উপর জোর দেয়া হয়। | স্ব-স্ব দপ্তর প্রধান |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১২/২০২০

মোঃ আবুল ফজল মীর
জেলা প্রশাসক
কুমিল্লা
ফোন- ০৮১-৬০৩০১
E-mail: dccomilla@mopa.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.১৯০০.০০০.০৬.০০১.১৯- ০৭(২০)

তারিখ: ১২ পৌষ, ১৪২৭ / ২৭ ডিসেম্বর, ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পুলিশ সুপার,কুমিল্লা।
২. সিভিল সার্জন, কুমিল্লা।
৩. উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪. অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), কুমিল্লা।
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুমিল্লা।
৭. সহকারী কমিশনার (গোপনীয়), জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা [জেলাপ্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৮. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা।
৯. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, কুমিল্লা।
১০. অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা।
১১. অধ্যক্ষ, কুমিল্লা সরকারি মহিলা কলেজ, কুমিল্লা।
১২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
১৩. ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, কুমিল্লা পোস্টাল ডিভিশন, কুমিল্লা।
১৪. প্রধান শিক্ষক, কুমিল্লা জিলা স্কুল।
১৫. অধ্যক্ষ, কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউট, কুমিল্লা।
১৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
১৭. সহকারী প্রোগ্রামার (সকল), কুমিল্লা।
১৮. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

মোঃ আমিনুল ইসলাম
প্রোগ্রামার (ভারপ্রাপ্ত)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, কুমিল্লা
মোবাইল: ০৮১৬-০৩৪৪
ই-মেইল: doictcumilla@gmail.com